গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০৩৫.২১.১৩৩

তারিখ: ২৬ পৌষ ১৪২৮
১০ জানুয়ারি ২০২২

বিষয়: **কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন ছুপুয়া ছফরিয়া ফাজিল ডিগ্রি মাদ্রাসার প্রভাষক (রসায়ন) মো: আবদুল আউয়াল মজুমদার (ইনডেক্স নং- C৩০২২৬৯) এর জন্ম তারিখ সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা'র স্মারক নং-উমাশিঅ/ চৌদ্দ-কুমি/ ১৮৬; তারিখ: ৩১.১০.২০২১ খ্রি:।
(২) জনাব মোহাম্মদ আবু নঈম, পরিচালক (প্রশাসন ও অর্থ), এবং জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং৫৭.২৫.০০০০.০১০.০৩.০০১.১৭.৩৩৯ ; তারিখ: ০৪.০১.২২ খ্রি: এর তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন ছুপুয়া ছফরিয়া ফাজিল ডিগ্রি মাদ্রাসার প্রভাষক (রসায়ন) জনাব মো: আবদুল আউয়াল মজুমদার (ইনডেক্স নং-C৩০২২৬৯) এর জন্ম তারিখ সংশোধনের আবেদন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

২। অগ্রায়ন পত্রের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মো: আবদুল আউয়াল মজুমদার এর বর্তমান এমপিও শিটে জন্ম তারিখ ১৫.০১.১৯৬৯ মুদ্রিত আছে। অপরদিকে তাঁর দাখিল সনদে ও জাতীয় পরিচয় পত্রে জন্ম তারিখ ১৫.০১.১৯৬২ উল্লেখ আছে।

৩। জনাব মো: আবদুল আউয়াল মজুমদার এর জন্ম তারিখ সংশোধন বিষয়ক আবেদনটি যাচাই/তদন্তপূর্বক সুনিদিষ্ট মতামতসহ প্রতিদবেদন দাখিলের জন্য সূত্রোক্ত ০২ নং স্মারকে জনাব মোহাম্মদ আবু নঈম,পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে তদন্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হয়।

৪। সূত্রোক্ত ০৩ নং স্মারকে জনাব মোহাম্মদ আবু নঈম, পরিচালক (প্রশাসন ও অর্থ), এবং জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি তদন্ত প্রতিবেদন অত্র অধিদপ্তরে দাখিল করা হয়। (কপি সংযুক্ত)

৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম কুমিল্লা কর্তৃক ৩১.১০.২০২১ তারিখে প্রদত্ত অগ্রায়ণ পত্রে জনাব মো: আবদুল আউয়াল মজুমদার, প্রভাষক (ইনডেক্স নং-C৩০২২৬৯) ছুপুয়া ছফরিয়া ফাজিল ডিগ্রি মাদ্রাসা, চৌদ্দগ্রাম, কুমিল্লা এর দাখিল সনদ, জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ: ১৫.০১.১৯৬২খ্রি:। কিন্তু এমপিও শিটে জন্ম তারিখ ১৫.০১.১৯৬৯ মর্মে উল্লিখিত আছে।

৬। উল্লেখ্য যে, জনাব মো: আবদুল আউয়াল মজুমদার এর জন্ম তারিখ সম্বলিত প্রথম এমপি শিট এপ্রিল/১৯৯৮ সালে প্রকাশিত হয়। এমপিও শীটে বিদ্যামান জন্ম তারিখে অসংগতি থাকায় অর্থ্যৎ এমপিও শীটে তার বয়স ৭ বছর কম ।

৭। জনাব মোহাম্মদ আবু নঈম, পরিচালক (প্রশাসন ও অর্থ), এবং জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতঃ

জনাব মো: আবদুল আউয়াল মজুমদার এর এসএসসি সনদ, জাতীয় পরিচয় পত্র,পাসপোর্ট ব্যানবেইস দপ্তরে প্রথম এমপিও আবেদন এবং এপ্রিল/ ১৯৯৮ সাল থেকে মার্চ/২০০৪ সাল পর্যন্ত এমপিও কপিতে মুদ্রিত জন্ম তারিখ এক ও অভিন্ন (১৫.০১.১৯৬২)মুদ্রিত আছে । পরবর্তীতে এপ্রিল/২০০৪ সাল থেকে এমপিওতে জন্ম তারিখ ১৫.০১.১৯৬৯ মদ্রিত হয়। জনাব মোহাম্মদ আবু নঈম, পরিচালক (প্রশাসন ও অর্থ), এবং জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা এর অগ্রায়ণ পত্রে জনাব মো: আবদুল আউয়াল মজুমদার এর জন্ম তারিখ ১৫.০১.১৯৬২ মর্মে সুপারিশ করেছেন। প্রাপ্ত কাগজ-পত্র ও তথ্যাদি পর্যালোচনাক্রমে প্রতীয়মান হয় যে, কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন ছুপুয়া ছফরিয়া ফাজিল ডিগ্রি মাদ্রাসার প্রভাষক (রসায়ন) জনাব মো: আবদুল আউয়াল মজুমদার (ইনডেক্স নং-C৩০২২৬৯) এর সনদ ও জাতীয় পরিচয় পত্রে বিদ্যমান জন্ম তারিখ (১৫.০১.১৯৬২) হিসেবে এমপিও শিটে সংশোধন করা যেতে পারে।

৮। বর্ণিত মাদ্রাসার প্রভাষক (রসায়ন) জনাব মো: আবদুল আউয়াল মজুমদার (ইনডেক্স নং- C৩০২২৬৯) ৩০০ টাকার জুডিশিয়াল স্ট্যাম্পে তাঁর দাবীকৃত জন্ম তারিখ (১৫.০১.১৯৬২) খ্রি: ব্যতিরিকে ভবিষ্যতে অন্য কোন জন্ম তারিখ দাবী করবেন না মর্মে অঙ্গীকার করেছেন এবং কোন বকেয়া দাবী করবেন না মর্মে অঙ্গিকার নামা প্রদান করেন।

৯।এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে কুমিল্লা জেলাধীন চৌদ্দগ্রাম উপজেলাধীন ছুপুয়া ছফরিয়া ফাজিল ডিগ্রি মাদ্রাসার প্রভাষক (রসায়ন) জনাব মো: আবদুল আউয়াল মজুমদার (ইনডেক্স নং- C৩০২২৬৯) এর জন্ম তারিখ ১৫.০১.১৯৬৯ খ্রি. এর স্থলে ১৫.০১.১৯৬২খ্রি. এমপিও শিটে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। **কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।**

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

সংযুক্তি: বর্ণনা মতে ১৫ ফর্দ।

১০-১-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০৩৫.২১.১৩৩/১(৫)

তারিখ: ২৬ পৌষ ১৪২৮
১০ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, কুমিল্লা।

৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

৪) সভাপতি/অধ্যক্ষ/মো: আবদুল আউয়াল মজুমদার, প্রভাষক (রসায়ন), ছুপুরিয়া ফাজিল ডিগ্রি মাদ্রাসা, চৌদ্দগ্রাম, কুমিল্লা ।

৫) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

১০-১-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)